 **DCBL-2019-102**

**2019**

Diploma Course in Bengali Language (DCBL)

**First Semester : 2nd paper**

General Bengali Grammar

Full Marks: 80 Time: 3 hours

**২০১৯**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**প্রথম ষাণ্মাসিক : ২য় পত্র**

বাংলা ভাষা বিজ্ঞান

পূর্ণমান: ৮০ সময়: ৩ ঘণ্টা

১। শুদ্ধ উত্তরটি যথাস্থানে বসান : - ১ x ৫ = ৫

ক) বাংলা ব্যাকরণ মূলত ____ (হিন্দি/ইংরাজি/সংস্কৃত) ব্যাকরণের কাঠামোয় রচিত।

খ) বাঙালির লেখা প্রথম বাংলা ব্যাকরণ ____ (বাঙ্গালা ব্যাকরণ/ গৌড়ীয় ব্যাকরণ/ ভাষার ইতিবৃত্ত)।

গ) পোর্তুগিজ পাদ্রি মনোএল দ্য আসসুম্পসাউ রচিত বাংলা ভাষা-চিন্তার প্রথম বইটি রচিত হয়েছে ____ (পোর্তুগিজ/ ফরাসি/ রোমান) হরফে।

ঘ) 'প্রকৃত বাংলা ব্যাকরণ একখানিও প্রকাশিত হয় নাই।' —কথাটি বলেছেন ____ (রামেন্দ্রসুন্দর ত্রিবেদী/রবীন্দ্রনাথ ঠাকুর/ মুহম্মদ শহীদুল্লাহ)।

ঙ) পূর্ব-পাকিস্তান, বর্তমান বাংলাদেশের ভাষা আন্দোলনের সময়-কাল ____ (১৯৬১/১৯৫২/১৯৭২)।

২। অল্প কথায়/ সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোনও তিনটি) : - ২ x ৩ = ৬

ক) বাংলা ব্যাকরণকে সংস্কৃত ব্যাকরণের প্রভাবমুক্ত করা প্রয়োজন বলে কারা অভিমত দেন?

খ) ব্যাকরণের কাজ কী?

গ) হরপ্রসাদ শাস্ত্রী বাংলা ব্যাকরণকে দুইটি প্যাটেন্ট হিসেবে চিহ্নিত করেছেন সেগুলি কী?

ঘ) বর্ণনাত্মক ব্যাকরণ বলতে কী বোঝায়?

ঙ) ODBL এর সম্পূর্ণ নামটি কী? গ্রন্থটির রচয়িতা কে?

৩। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূর্ণ করুন : - ১ x ৪ = ৪

ক) বাংলা গদ্যরীতির মোটামুটি প্রকাশকাল ____ (ঊনবিংশ/ অষ্টাদশ/ সপ্তদশ) শতক।

খ) 'চলন্তিকা' অভিধান গ্রন্থটির রচয়িতা ____ (হরিচরণ বন্দ্যোপাধ্যায়/হরপ্রসাদ শাস্ত্রী/রাজশেখর বসু)।

গ) বাংলা ভাষায় কিছু কম ____ (তিনশো/আড়াইশো/একশো) ব্যাকরণ রচিত হয়েছে।

ঘ) 'বরাক উপত্যকার কথ্য বাংলার অভিধান' গ্রন্থটি রচনা করেছেন ____ (জগন্নাথ চক্রবর্তী/ আবিদ রাজা মজুমদার)।

৪। যে কোনও তিনটি প্রশ্নের সংক্ষেপে উত্তর দিন : - ১ x ৩ = ৩

ক) ধ্বনির সঙ্গে বর্ণের পার্থক্য কোথায়?

খ) বাংলার স্বরবর্ণগুলি কী কী?

গ) কোন কোন বর্ণ দিয়ে শব্দ গঠন শুরু হতে পারে না?

ঘ) স্বরধ্বনি উচ্চারণে প্রধান ভূমিকাটি কার? দাঁত, তালু, জিব না নাসিকার?



অপর পৃষ্ঠায় দেখুন

৫। সংক্ষেপে উত্তর দিন (যে কোনও দুইটি) : - ২ x ২ = ৪

ক) স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনির মধ্যে পার্থক্য কী?

খ) ‘কলম’ শব্দটি উচ্চারণের সময় কী কী স্বরধ্বনি এখানে নিহিত আছে, তা শব্দটি ভেঙে দেখান।

গ) অপিনিহিতি কী? উদাহরণ দিন।

৬। অতি সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোনও পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) ট, ঠ, ড এর আগে কোন বর্ণ (ন/ণ) বসবে? উদাহরণ দিন।

খ) কোন বানানটি শুদ্ধ মধ্যাহ্ন/ মধ্যাহ্ণ? এখানে কোন বর্ণ (ন/ণ) বসেছে?

গ) সন্ধি বিচ্ছেদ করুন: চলচ্চিত্র

ঘ) ওষ্ঠ্যবর্ণ কোনগুলি?

ঙ) একটি বিসর্গ সন্ধির উদাহরণ দিন।

চ) ঋ-কারের পর কোন স হয়? উদাহরণ দিন।

ছ) অ-তৎসম শব্দে সবসময়ই কোন ন হয়? উদাহরণ দিন।

৭। যে কোনও একটি প্রশ্নের উত্তর দিন : - ৩ x ১ = ৩

ক) উষ্মবর্ণ কী? উদাহরণ দিন। এদের মধ্যে কোনগুলিকে শিসধ্বনিও বলে?

খ) ভাষার মাধুর্য বাড়াতেও যে সন্ধির ভূমিকা আছে, তা উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

গ) বাংলা সন্ধিতে ধ্বনির পরিবর্তন কি বানানে প্রতিফলিত হয়? তা উদাহরণের সাহায্যে বুঝিয়ে লিখুন।

৮। যে কোনও পাঁচটি প্রশ্নের উত্তর দিন : - ১ x ৫ = ৫

ক) শব্দ কাকে বলে?

খ) শব্দ কীভাবে পদে পরিণত হয়?

গ) ব্যাকরণে প্রতিপদ শব্দের অর্থ কী?

ঘ) জীবন্ত ভাষার চরিত্র লক্ষণ কী?

ঙ) ঋণ শব্দ বলতে কী বোঝায়?

চ) তদ্ভব শব্দ কী?



অপর পৃষ্ঠায় দেখুন

৯। যে কোনও তিনটি উত্তর দিন : - ২ x ৩ = ৬

ক) অর্ধ-তৎসম শব্দ কাকে বলে? উদাহরণ দিন।

খ) বহু পদকে এক পদে পরিণত করুন: যার দুই হাত সমান চলে। রঘুর বংশে জাত যে।

গ) বিশেষ্য থেকে বিশেষণে পরিবর্তন করুন: সাহিত্য, বাংলা, ভাষা, কথা।

ঘ) নিচের শব্দগুলির ভিন্নার্থক শব্দগুলি লিখুন: দিন দীন; নীর- নীড়

১০। যে কোনও ১টির উত্তর দিন : - ৪ x ১ = ৪

ক) টীকা লিখুন: আকাদেমি।

খ) ‘ব্রীহি’ শব্দের আভিধানিক অর্থ কী? বহুব্রীহি সমাস বলতে কী বোঝায়? উদাহরণ দিন।

১১। তিনটি প্রশ্নের উত্তর দিন : - ১ x ৩ = ৩

ক) বাক্য কীভাবে গঠন করা হয়?

খ) একটি আবেগসূচক বাক্যের উদাহরণ দিন।

গ) একটি সংস্কৃত শব্দ দিয়ে তৈরি বাগ্বিধির উদাহরণ দিন।

ঘ) ‘আপ্ত বাক্য’ কী?

১২। ২টি প্রশ্নের উত্তর দিন : - ২ x ২ = ৪

ক) চলতি ভাষায় রূপান্তরিত করুন:

(অ) ‘পথিক! তুমি পথ হারাইয়াছ?’

(আ) ‘কোথা হইতে তুমি আসিয়াছ নদী?’

খ) ‘যদি বৃষ্টি হয়, আমি আসব না’- বাক্যটি জটিল না যৌগিক বাক্য? যুক্তি সহ উত্তর দিন।

গ) ‘আমরা গভীর অন্ধকারে পথ দেখে বাড়ি পৌঁছেছি’ —এটাকে বাক্য বলা যাবে কি? যুক্তি সহ উত্তর দিন।

 অপর পৃষ্ঠায় দেখুন

১৩। নির্দেশ অনুযায়ী বাক্যগুলি পরিবর্তন করুন (যে কোনও তিনটি): - ১ x ৩ = ৩

ক) 'মহাশয়ের কী করা হয়'— (কর্তৃবাচ্যে রূপান্তর)

খ) কথাটি বুঝতে পারলাম না— (কর্মবাচ্যে রূপান্তর)

গ) যদু লেখাপড়ায় ভালো কিন্তু ভীষণ চঞ্চল— (সরল বাক্যে রূপান্তর)

ঘ) নিজের কাজ নিজেই কর— (জটিল বাক্যে)

১৪। অতি সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোনও চারটি) : - ১ x ৪ = ৪

ক) 'বাঙালির লেখায় আর পড়ায় ঠিক নেই' বানান প্রসঙ্গে কোন ভাষাবিদ এটা বলেছেন?

খ) মৃত ভাষার স্থান কোথায়?

গ) কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক 'বাংলা বানান সংস্কার সমিতি' কত সালে গঠিত হয়?

ঘ) বানান অভিধান বলতে কী বোঝায়?

ঙ) 'আজ দোল রঙের খেলা / রং এর খেলা।' কোনটি প্রযোজ্য?

১৫। সংক্ষিপ্ত উত্তর (যে কোনও দুইটি) : - ২ x ২ = ৪

ক) ভট্টাচার্য আর কার্তিক বানান সম্বন্ধে রবীন্দ্রনাথ কী বলেছেন?

খ) বাংলা বানানে সমতা আনার প্রয়োজন কেন?

গ) কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রণীত বানান বিধিতে আরবি ফারসি শব্দের বানানে ন/ণ, স/ষ, ই/ঈ এর প্রয়োগ সম্বন্ধে কী নির্দেশ দেওয়া হয়েছে?

১৬। নির্দেশ অনুযায়ী বাক্য গঠন করুন (যে কোনও তিনটি) : - ১ x ৩ = ৩

ক) তিনি বললেন যে যাঁরা গতকাল আসতে পারেনি এরা আগামীকাল আসুক। (বিরতি চিহ্ন প্রয়োগ করুন)

খ) কি এমন গোপন কথা তোমার? এমন কি ব্যক্তিগত কথাও সবার সামনে বলতে তাঁর সঙ্কোচ নেই। (কি/কী-এর শুদ্ধ বানান প্রয়োগ করুন)

গ) আম গাছ, জারুল গাছ; দেখি নি, দেখি না। (শুদ্ধ করে প্রয়োগ করুন)

ঘ) আমরা (বাঙ্গালী/ বাঙালি/ বঙ্গালী) (শুদ্ধটি বসান)।

১৭। শুদ্ধ/প্রমিত বানানটি লিখুন : - ২ x ২ = ৪

ক) দুর্গাপুজা, সার্ব্বজনীন, গীতাঞ্জলী, খ্রীষ্টাব্দ

খ) এটা পড় তো দেখি। (বর্তমান অনুজ্ঞা) এটা অবশ্যই পড়ো। (ভবিষ্যৎ অনুজ্ঞা)

১৮। সংক্ষেপে লিখুন: (যে কোনও একটি) : - ২ x ১ = ২

ক) মূল স্রোত ভাষার সঙ্গে উপভাষা কীভাবে সম্পর্কিত?

খ) কলকাতা, ঢাকা, শিলিগুড়ি বা করিমগঞ্জের সাধারণ মানুষের মুখের ভাষা কি এক? করিমগঞ্জে কোন উপভাষাটি প্রচলিত?

১৯। যে কোনও পাঁচটি প্রশ্নের উত্তর দিন : - ১ x ৫ = ৫

ক) মান্য চলিত ভাষাটি বাংলার কোন উপভাষার মধ্যে পড়ে?

খ) জর্জ গ্রিয়ার্সনের মতে বাংলার কয়টি উপভাষা আছে?

গ) এখানে প্রদত্ত ইংরেজি শব্দগুলির সিলেটি রূপান্তর হয়েছে? মিলিটারি (Military), প্রেসার কুকার (Pressure cooker)

ঘ) সিলেটি প্রবাদ নিয়ে একটি বাক্য রচনা করুন।

ঙ) বরাক উপত্যকার আঞ্চলিক উপভাষার একটি অভিধান এবং তার লেখকের নাম লিখুন।

চ) সিলেটিতে ব্যবহৃত দুটি আরবি-ফারসি শব্দের উদাহরণ দিন।

২০। যে কোনও একটি প্রশ্নের উত্তর দিন : - ৩ x ১ = ৩

ক) উপভাষা বলতে কী বোঝায়? বাংলার উপভাষাগুলির নাম লিখুন।

খ) উপভাষা কি মূল ভাষার দুর্বলতা, না শক্তির উৎস? উদাহরণ সহ যুক্তি দিয়ে বোঝান।

গ) মান্যচলিত ভাষা বলতে কী বোঝায়? এ ভাষাকে শিষ্ট ভাষা বলা কি সঙ্গত?

- শেষ পৃষ্ঠা -